

চট্টগ্রাম সমুদ্রবন্দরের বহিঃনোঙ্গর থেকে ৬,৮০,০০০ পিস ইয়াবা ও ফিসিং টলারসহ ২ জন আটক



গোপন সংবাদের ভিত্তিতে গত ১৩/১০/২০১৫ খ্রিঃ তারিখ রাত আনুমানিক ০৯.৩০ থেকে ১৪/১০/২০১৫ খ্রিঃ তারিখ দুপুর ১২.০০ ঘটিকা পর্যন্ত জনাব মোঃ আলী আসলাম হোসেন, উপপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, চট্টগ্রাম মেট্রোঃ উপঅঞ্চল, চট্টগ্রাম এর নেতৃত্বে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, চট্টগ্রাম মেট্রোঃ উপঅঞ্চল এবং চট্টগ্রাম গোয়েন্দা অঞ্চলের সমন্বয়ে গঠিত একটি বিশেষ টীম

চট্টগ্রাম সমুদ্র বন্দরের বহিঃনোঙ্গর এলাকায় অভিযান পরিচালনা করে ০৬ লক্ষ ৮০ হাজার পিস ইয়াবার একটি বড় চালানসহ (০১) মোঃ আবুল কালাম (৩০), পিতা মৃত- ঠান্ডা মিয়া, সাং রায়পুর(ফজুলির বাড়ী), ০৪ নং

ওয়ার্ড, থানা-আনোয়ারা জেলা-চট্টগ্রাম ও (২) মোঃ ফরিদুল আলম(৪০), পিতা মৃত- আবদুল মোতালেব, সাং মধ্যম গহিরা (মজিদ এর বাড়ী) ৮ নং ওয়ার্ড, থানা- আনোয়ারা, জেলা-চট্টগ্রাম নামীয় ০২ জন আসামী গ্রেফতার করে। উক্ত অভিযান পরিচালনার জন্য নিম্নস্বাক্ষরকারী তাঁর নিজস্ব সোর্সের সাথে গত ০৩(তিন) দিন যাবত নিবিড় যোগাযোগ করে অবশেষে ১৪/১০/২০১৫খ্রিঃ তারিখ ইয়াবা আটক



করতে সক্ষম হন। আসামীদেরকে প্রাথমিক জিজ্ঞাসাবাদে জানা যায় ইতোপূর্বেও তারা সমুদ্রপথে একাধিকবার ইয়াবার চালান পাচার করেছে।

গ্রেফতারকৃত আসামীদ্বয়ের বিরুদ্ধে পতেঙ্গা থানায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে একটি নিয়মিত মামলা দায়ের করা হয়েছে।